গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০১২.১৪-৬২ তারিখঃ- ১০/০২/২০১৬ খ্রি,

বিষয়ঃ ভিডিউ কনফারেন্সিং সিষ্টেম চালুকরণ প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে চলমান বিভিন্ন প্রকল্পসহ সার্বিক কার্যক্রমের বাস্তবায়ন তরান্বিত করার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের সকল বিভাগ/জেলা/উপজেলার কর্মকর্তাদের সাথে নিয়মিত ভিডিও কনফারেন্স করবেন। এখানে উল্লেখ্য, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আওতাধীন ইনফো সরকার প্রকল্প কর্তৃক গৃহীত ভিডিও কনফারেন্সিং সিস্টেমটি এখনো পুরোপুরি চালু হয়নি, যা বর্তমানে প্রক্রিয়াধীন আছে। এ অবস্থায় সোস্যাল নেটওয়াকিং সাইট ooVoo এর মাধ্যমে বিভাগ/জেলা/উপজেলার কর্মকর্তাদের সাথে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে নিয়মিত সংলাপ আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ সংলাপ আয়োজনের মাধ্যমে একদিকে যেমন মাঠ পর্যায়ে বিভিন্ন চলমান প্রকল্পসহ সার্বিক কার্যক্রমে গতিশীলতা আসবে অন্যদিকে আইসিটি ক্ষেত্রে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি পাবে।

২। ভিডিও কনফারেন্সিং আয়োজনের জন্য যা করতে হবে:

ক. ওয়েব ক্যামসহ ০১টি ল্যাপটপ/ডেস্কটপ কম্পিউটার ও ১টি হেড ফোন থাকতে হবে;
খ. কমপক্ষে ০১ মেগাবিট গতিসম্পন্ন ১টি ইন্টারনেট কানেকশন প্রয়োজন হবে;
গ. ল্যাপটপ/কম্পিউটারে ooVoo সফটওয়ারটি www.oovoo.com/download ঠিকানা থেকে ডাউনলোড করে ইন্সটল করতঃ ১টি ইউজার একাউন্ট খুলতে হবে;
ঘ. ভিডিও কনফারেন্সিং এর জন্য উক্ত ইউজার কে মন্ত্রণালয়ের ইউজার (আইডি: sec_mofl) এর সাথে যুক্ত হতে হবে।

৩। এমতাবস্থায়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে নিয়মিত সংলাপ আয়োজনের নিমিত্ত আগামী ২৫/০২/২০১৬ তারিখের মধ্যে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন পূর্বক ভিডিও কনফারেন্সিং ব্যবস্থা চালু করতঃ মন্ত্রণালয়ের ইউজার (আইডি: sec_mofl) এর সাথে যুক্ত হওয়ার জন্য সকল বিভাগ/জেলা/উপজেলার কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০/০২/২০১৬
(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
টেলিঃ ৯৫৭৭২৬২

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ী সড়ক, ফার্ম গেইট, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব.....।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত সচিব (মৎস্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।